



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য, প্রশাসন, শ্রেডা

এবং

চেয়ারম্যান, শ্রেডা - এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ - ৩০ জুন, ২০১৯

## সূচিপত্র

### উপক্রমণিকা (Preamble)

অধ্যায়-১ : শ্রেডা'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategies Objectives) এবং কার্যাবলী (Functions)

অধ্যায় -২ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১ : শব্দ- সংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার উপর নির্ভরশীলতা

## স্রেডার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ( Overview of the Performance of SREDA)

### সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহ

নবায়নযোগ্য জ্বালানির প্রসার ও জ্বালানি সাশ্রয়ের মাধ্যমে প্রচলিত জ্বালানির উপর নির্ভরতা কমানোসহ জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কার্বন নিঃসরণ হ্রাস করার লক্ষ্যে সরকার টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) গঠন করেছে। বাংলাদেশের মহান জাতীয় সংসদে ২০১২ সনের ৪৮নং আইন এর মাধ্যমে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) গঠিত হয় যা ২২ মে ২০১৪ থেকে কার্যক্রম শুরু করে। এই স্বল্প সময়ে স্রেডার বেশ কিছু অর্জন রয়েছে। বর্তমানে নবায়নযোগ্য জ্বালানি উৎস থেকে উৎপাদিত মোট বিদ্যুতের পরিমাণ ৫০৬ মেঃওঃ । অফ-গ্রীড এলাকায় ১৬৩ মেঃওঃ উৎপাদন ক্ষমতাসম্পন্ন ৪.৫ মিলিয়নের বেশী সোলার হোম সিস্টেম স্থাপন করা হয়েছে। সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের ছাদে স্থাপিত সোলার রুফ টপ সিস্টেম থেকে ৫ মেঃওঃ এর বেশি বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। ৭টি সোলার মিনি গ্রীড এবং ২ টি ন্যানো গ্রীড এবং ৩৬৬ টি সৌর চালিত সেচ পাম্প স্থাপন করা হয়েছে। ২টি বায়ুশক্তি চালিত পাওয়ার প্ল্যান্ট থেকে ২ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদন করা হচ্ছে। ৮০,০০০ বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন এবং বায়োগ্যাস থেকে ৫ মেঃওঃ ক্ষমতাসম্পন্ন ৩০০ টি বিদ্যুৎ উৎপাদন প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। JICA এর সহায়তায় “Energy Efficiency and Conservation Master Plan upto 2030” প্রণয়ন করা হয়েছে। জ্বালানি দক্ষতা ও জ্বালানি সংরক্ষণ সংক্রান্ত পদক্ষেপসমূহকে সহায়তা প্রদানের লক্ষ্যে “Energy Efficiency and Conservation Promotion Financing Project” তৈরি করা হয়েছে। ১০.৫ লক্ষ জ্বালানিদক্ষ সিএফএল বাব্ব বিতরণ এবং এলইডি বাব্বের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে স্রেডা কর্তৃক একটি প্রজেক্ট প্রস্তুত করা হয়েছে। সিএফএল বাব্ব, ব্যালাস্ট, বৈদ্যুতিক ফ্যান এবং রেফ্রিজারেটরের জন্য Energy Star Rating এর কাজ শুরু হয়েছে। পাঠ্যক্রমে নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি দক্ষতা বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০ টি গার্মেন্টস ইন্ডাস্ট্রিতে Energy Audit পরিচালনা করা হয়েছে। ৩০ মিলিয়ন সাধারণ চুলাকে উন্নত চুলায় রূপান্তর করার লক্ষ্যে Country Action Plan for Improved Cook Stove প্রস্তুত ও ২ মিলিয়ন উন্নত চুলা বিতরণ করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি দক্ষতা বিষয়টি বাংলাদেশের প্রেক্ষাপটে নতুন বিষয় হওয়াতে জনসচেতনতা বৃদ্ধি স্রেডার জন্য একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া নতুন প্রতিষ্ঠান হওয়াতে দক্ষ জনবল সৃষ্টি, তাদের উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা, বেসরকারী বিনিয়োগকারীদের এধরণের নতুন সেক্টরে আগ্রহী করা এবং ব্যবসার উপযুক্ত পরিবেশ তৈরী করার পাশাপাশি টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি বিষয়ে সবাইকে আগ্রহী করে তোলা স্রেডার জন্য একটি বড় চ্যালেঞ্জ।

### ভবিষ্যৎ পরিকল্পনা

২০২১ সালের মধ্যে সৌরশক্তি থেকে ১৭৪০ মেঃওঃ, বায়ুশক্তি থেকে ১৩৭০ মেঃওঃ, বায়োমাস থেকে ৪৭ মেঃওঃ, বায়োগ্যাস থেকে ৭ মেঃওঃ এবং পানিশক্তি থেকে ৪ মেঃওঃ সহ মোট ৩১৬৮ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদন; সোলার বোর্ডিং পাইলটিং কার্যক্রম পরিচালনা; বায়োমাস রিসোর্স ম্যাপিং কার্যক্রমের পরিকল্পনা গ্রহণ; “স্টাডি অন গ্রিড ইন্টিগ্রেশন অব রিনিউয়েবল এনার্জি” সম্পাদনের উদ্যোগ গ্রহণ; বিদ্যুৎ সাশ্রয়ী সরঞ্জামাদি চিনতে যন্ত্রপাতির গায়ে Energy Star লেবেল সন্নিবেশকরণ; সোলার প্যানেলসহ সোলার সিস্টেমের অন্যান্য যন্ত্রাংশের মানমাত্রা নিয়ন্ত্রণের লক্ষ্যে টেস্টিং ল্যাবরেটরী স্থাপনের কার্যক্রম গ্রহণ; এলইডি লাইটের মানমাত্রা প্রণয়ন; হাউসহোল্ড এনার্জি প্ল্যাটফর্ম এর কার্যক্রম শুরু এবং এনার্জি অডিটিং নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন।

## ২০১৮-২০১৯ অর্থবছরে সম্ভাব্য প্রধান লক্ষ্যমাত্রাসমূহ

- ১০ মেগাওয়াট সোলার হোম সিস্টেম স্থাপন
- ৭ টি সোলার মিনি / মাইক্রো / ন্যানো গ্রিড স্থাপন
- ২০ মেগাওয়াট সোলার পার্ক / সোলার রুফটপ সিস্টেম স্থাপন
- ১৫ জন Certified Energy Auditor তৈরি
- ৪০ টি স্কুলে জ্বালানি সাশ্রয়ে সচেতনতামূলক স্কুলিং প্রোগ্রাম আয়োজন

